দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 6. 1999
পৃষ্ঠা ১২ কলাম ২

52

## বুয়েট ঃ আরামপ্রিয় শিক্ষক বনাম দুঃখী শিক্ষার্থী

শিক্ষা-পদ্ধতি এবং শিক্ষার মানের দিক দিয়ে বুয়েট এখনও বাংলাদেশে শীর্ষস্থানীয়। সুবিন্যস্ত আমাদের শিক্ষা-পদ্ধতির একটি দিক continuous assessment যা সাধারণত class-quiz কিংবা assignments-এর মাধ্যমে করা হয়ে থাকে। গুরুত্বের দিক দিয়ে এসব class-quiz একটি বিশেষ স্থান দখল করে আছে। আমাদের প্রতি course ৩০% নম্বর এই continuous assessment-এর জন্য বরাদ্দ। আর বুয়েটের শিক্ষার্থী মাত্রই জানেন যে, কোন বিষয়ে সর্বোচ্চ গ্রেড পেতে হলে ঐ ৩০% নম্বর পুরোপুরি যোগ করা একান্ত দরকার। তা না হলে সর্বোচ্চ গ্রেড পাওয়া প্রায় অসম্ভব হয়ে পড়ে। কেননা আমাদের term-final-এর প্রশ্ন হয় অতিরিক্ত দীর্ঘায়িত। এসব দিকে খেয়াল রেখে আমাদের Three credit course-এর জন্য মোট ৬ টি quiz-এর মধ্যে চারটির নম্বর এবং Four credit course-এ ৮টি quiz-এর মধ্যে ৬টির নম্বর যোগ করা হতো। কিন্তু বর্তমানে শিক্ষকদের কাছে বেশি quiz নেয়া (তথা বেশি খাতা দেখা) ঝামেলার মনে হচ্ছে এবং তারা Three এবং Four credit-এর জন্য যথাক্রমে চারটি (৩+১) এবং ৫ টি (৪+১) করে পরীক্ষা নিয়ে যথাক্রমে ৩টি এবং ৪টির নম্বর যোগ করবেন বলে ঠিক করেছেন। অর্থাৎ আমাদের option ২টি থেকে ১টিতে নেমে গেল। এখন একটি quiz খারাপ করলেই (হতেই পারে) বাকিগুলো ভাল করা অবশ্যম্ভাবী হয়ে পড়বে। সেটা যে সবসময় সম্ভব নয়, সেটা শুধু ভুক্তভোগী বুয়েটের শিক্ষার্থীদের পক্ষেই বোঝা সম্ভব। আমাদের প্রশ্ন হচ্ছে, আমাদের সুযোগকে সঙ্কুচিত করে তোলাটা কি স্যারদের ঠিক হচ্ছে? আর তাছাড়া কম পরীক্ষা মানে syllabus-এর কম অংশ continuous assessment-এর আওতায় পড়া। আর তার মানে final পরীক্ষার আগে অতিরিক্ত চাপ।

অর্থাৎ স্যাররা আমাদের 'নম্বরেও মারবেন', সবসময় পড়ার অভ্যাসটাও নষ্ট করবেন। সহানুভূতিশীল শিক্ষকরা কি দৃষ্টি দেবেন?

*বুয়েটের একজন শিক্ষার্থী*
*(নাম প্রকাশে অনিচ্ছুক)।*